

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
রেঞ্জ কর্মকর্তার কার্যালয়  
বহেড়াতলী রেঞ্জ, টাঙ্গাইল বন বিভাগ।

স্মারক নং-২২.০১.০০০০.৬৬১.২৮.০০১.২২ .

তারিখ:- ০৭/০১/২০২২

### নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১১/০১/২২ ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকায় জনাব মোঃ শফিউল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান, সখিপুর উপজেলা এর সভাপতিত্বে তাঁর কার্যালয়ে উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন বিষয়ক কমিটির জরুরী সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী:-

- ১। গত সভার কার্যবিবরণী দৃষ্টিকরন।
- ২। সখিপুর উপজেলার সংরক্ষিত বনাঞ্চলে অবৈধভাবে গাছ কর্তন ও জবর দখল প্রতিরোধ।
- ৩। অগ্নি প্রতিরোধ।
- ৪। বিবিধ।



এইচ.এম. এরশাদ  
রেঞ্জ কর্মকর্তা, বহেড়াতলী রেঞ্জ

ও

সদস্য সচিব, উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন বিষয়ক কমিটি  
সখিপুর, টাঙ্গাইল।


## সখিপুর উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ শফিউল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান, সখিপুর।  
 সভার তারিখ ও সময় : ২১/০১/২২ ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকা।  
 সভার স্থান : ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।  
 সভার উপস্থিতি : পরিশিষ্ট “ক” তে উল্লেখিত।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সংশ্লিষ্ট বিষয়ে আলোচনার জন্য উপস্থিত সকলকে আহবান করেন। সভার শুরুতে তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভায় উপস্থাপন করার জন্য সদস্য সচিবকে আহবান জানান। সদস্য সচিব জনাব এইচ,এম এরশাদ ফরেস্টার, রেঞ্জ কর্মকর্তা, বহেড়াতলী রেঞ্জ আলোচ্য বিষয়ে সভায় উপস্থাপন করেন।

ক্রমিক নং	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	গত সভার কার্যবিবরণী দৃষ্টি করন	উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন বিষয়ক কমিটির গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন আপত্তি বা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরন করা হয়।	--
০২	জবরদখল, মাটিকাটা ও গাছকাটা :	সদস্য সচিব সভাকে জানান যে, সখিপুর উপজেলা সরকারী সংরক্ষিত বনভূমি হতে কোন মাটি কাটা হচ্ছে কিনা তা আমার জানা নেই। তবে খোঁজখবর নিয়া যদি সংরক্ষিত বনভূমিতে কোন মাটিকাটা হয় তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এ বিষয়ে সখিপুর উপজেলার উপস্থিত সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের কাছে জানতে চাওয়া হলে তারা জানান যে, মাটিকাটা বিষয়টি তাদের দৃষ্টি গোচর হয়নি এবং এবিষয়ে তাদের নিকট কোন সু-নির্দিষ্টভাবে কেউ কোন অভিযোগ করেনি। এবিষয়ে অভিযোগ আসলে বা দৃষ্টিগোচর হলে সংশ্লিষ্ট দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে। গাছ কাটার বিষয়ে সদস্য সচিব জানান যে, অবৈধভাবে কোন গাছ কাটা হচ্ছে না। যে গাছগুলি কাটা হচ্ছে তা সামাজিক বনায়নের গাছ সরকারী ভাবে টেন্ডারের মাধ্যমে বিক্রয় করত; আইনগত ভাবে কর্তন করা হচ্ছে।	আলোচ্য বিষয় সভায় ব্যাপক আলোচনার পর সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, অবৈধভাবে যাতে কেউ সরকারী বনভূমি জবর-দখল ও সরকারী বনভূমি হইতে মাটি ও গাছ কাটতে না পারে সে বিষয়ে সর্বক দৃষ্টি রাখার জন্য রেঞ্জ কর্মকর্তা, বহেড়াতলী রেঞ্জ ও হতেয়া রেঞ্জকে জানানো হয়।	বন বিভাগ ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান।
০৩	অগ্নি প্রতিরোধ	সদস্য সচিব সভাকে জানান যে সখিপুর উপজেলা সরকারী প্রাকৃতিক শাল-গজারী বনাঞ্চলে শুরু মৌসুমে দূষ্কৃতিকারীরা আগুন লাগিয়ে দেয়, এতে করে বন ও বনাঞ্চলে ক্ষতি হয় এবং অনেক বন্যপ্রাণী মারা যায়। এই বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	বনায়ন রক্ষার ক্ষেত্রে সকলে সহযোগিতা করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	বন বিভাগ

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শফিউল ইসলাম  
 উপজেলা ভাইস চেয়ারম্যান, সখিপুর উপজেলা  
 ও

সভাপতি, উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটি, সখিপুর, টাঙ্গাইল।

স্মারক নং-২২.০১.০০০০.৬৬১.২৮.০০১.২২.

তারিখ:- ১১/০১/২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইল।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল।
- ৩। জনাব -----
- ৪। অফিস কপি।



এইচ,এম এরশাদ  
 রেঞ্জ কর্মকর্তা, বহেড়াতলী রেঞ্জ  
 ও

সদস্য সচিব, উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটি, সখিপুর, টাঙ্গাইল।

